ছ) কোন প্রার্থী ফৌজদারী অপরাধের কারনে দোষী সাব্যস্থ হইয়া দুই বৎসর বা ততোধিক মেয়াদের জন্য কারাদন্ডে দন্ডিত হইয়া থাকেন এবং কারাভোগের পর কমপক্ষে ৫ বৎসর অতিবাহিত না হইলে প্রার্থী হইতে পারিবে না;
জ) প্রার্থী মনোনয়নপত্র দাখিলের তারিখে সমিতির বা অন্য কোন ঋণদানকারী প্রতিষ্ঠানে ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত হইয়া থাকিলে প্রার্থী হইতে পারিবে না;
ঝ) অত্র নির্বাচনের অব্যবহিত পূর্বে অত্র সমবায় সমিতিতে একাধারে ৩ (তিন) মেয়াদে দায়িত্ব পালন করিয়া থাকিলে প্রর্থী হইতে পারিবে না;
ঞ) কোন আদালত কর্তৃক দেউলিয়া, উন্মাদ কিংবা পাগল বলিয়া সাব্যস্থ্য হইয়া থাকিলে প্রার্থী হইতে পারিবে না;
ট) সমিতির কোন বেতনভূক কর্মচারী কিংবা সমিতির সহিত কোন লাভজনক ব্যবসায়ী চুক্তিতে আবদ্ধ থাকিলে প্রার্থী হইতে পারিবে না;
ঠ) কোন প্রার্থী কোন ক্রমেই একাধিক পদে প্রতিদ্বন্ধীতা করিতে পারিবে না; একাধিক পদে মনোনয়নপত্র জমা দানকারীর সকল মনোনয়নপত্র বাতিল বলে গন্য হইবে;
ড) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত ব্যতিত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবে না;
ঢ) নির্বাচন সংক্রান্ত যেকোন বিষয় কাহারো কোন জিজ্ঞাসা থাকলে নির্বাচন কমিটির সভাপতির নিকট অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাইবে।
ণ) নির্বাচন সম্পর্কে যেকোন বিষয়ে নির্বাচন কমিটির সীদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হইবে।

৩। পদভিত্তিক প্রতিটি মনোনয়নপত্রের মূল্য এবং নির্ধারিত নির্বাচনী প্রতীকসমূহ:

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | নির্ধারিত প্রতীকসমূহ | ব্যবস্থাপনা কমিটির সীদ্ধান্ত মোতাবেক প্রতিটি মনোনয়নপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | সভাপতি | ১ জন | চেয়ার, ছাতা, হাতপাখা ও গরুর গাড়ী | ২০০০/- (দুই হাজার) টাকা |
| ০২ | সহ-সভাপতি | ১ জন | আম, মই, বই ও ফুটবল | ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা |
| ০৩ | সম্পাদক | ১ জন | তালাচাবি, কম্পিউটার, মাছ ও মোটর সাইকেল | ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা |
| ০৪ | সদস্য | ৩ জন | গোলাপ ফুল, হরিন, কলম, আনারস, মোরগ, হাঁস, পালকি, টেলিভিশন, ঘোড়া, দেওয়াল ঘড়ি, পানির বোতল, ডাব, কবুতর ও কলস | ৩০০/- (তিনশত) টাকা |

(স্বাক্ষর) ২৫/০৪/২৩
সভাপতি
নির্বাচন কমিটি,২০২৩
রসপুর উত্তপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ
ধামইরহাট, নওগাঁ।

স্মারক নং- ০১

তারিখ: ২৫/০৪/২৩ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। ........................................................, সদস্য, নির্বাচন কমিটি, রসপুর উত্তপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, ধামইরহাট, নওগাঁ। তাঁকে নির্বাচনের তপসিল বর্ণিত তারিখে প্রতি সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। অনিবার্য কারন ছাড়া এ বিষয়ে কোন পৃথক নোটিশ জারী করা হবে না।
২। সভাপতি/সম্পাদক/ব্যবস্থাপনা কমিটি, রসপুর উত্তপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, ধামইরহাট, নওগাঁ তাঁকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফশীলটি জরুরী ভিত্তিতে জারী করতে ও বহুল প্রচারের জন্য স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশসহ সমিতির নোটিশ বোর্ড এবং গুরুত্বপূর্ণ স্থানে ঝুলানোর জন্য অনুরোধ জানানো হলো।
৩। উপজেলা সমবায় অফিসার, ধামইরহাট, নওগাঁ।
৪। জেলা সমবায় অফিসার, নওগাঁ।
৫। নোটিশ বোর্ড।

(স্বাক্ষর) ২৫/০৪/২৩
সভাপতি
নির্বাচন কমিটি, ২০২৩
রসপুর উত্তপাড়া পাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ
ধামইরহাট, নওগাঁ।

রসপুর উত্তরপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ,
রেজিঃ নং- ৪২২, রেজিঃ তারিখঃ ১১/৩/২০২২খ্রিঃ
উপজেলা: ধামইরহাট, জেলা: নওগাঁ
সমিতির আইডি নং- ৪০৩০৫০১০৯

এতদ্বারা "রসপুর উত্তপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ", ধামইরহাট, নওগাঁ এর সদস্যগনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী "রসপুর উত্তপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ", ধামইরহাট, নওগাঁ এর ব্যবস্থাপনা কমিটির বিগত ২৪/৩/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত সভার সীদ্ধান্ত মোতাবেক আগামী ২৭/৫/২০২৩ ইং তারিখ, রোজ শনিবার "রসপুর উত্তপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ", ধামইরহাট, নওগাঁ এর কার্যালয়, রসপুর, ধামইরহাট, নওগাঁতে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারন সভার মাধ্যমে উক্ত সমিতির ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের জন্য সকাল ১১ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত অত্র সমিতির কার্যালয়ে বিরতীহিনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচনে ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি, ১ জন সম্পাদক ও ৩ জন সদস্য সর্বমোট ৬ (ছয়) জন সদস্য সমিতির ভোটারগনের ভোটে নির্বাচিত হইবেন। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিটির ২৫/৪/২০২৩ ইং তারিখ এর সভার সীদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা /২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী তফশীল নিম্নরূপভাবে ঘোষনা করা হলো।

নির্বাচনী তপসিল,২০২২ খ্রিঃ

| ক্রঃ নং | বিষয়ের বিবরন | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মনোনয়নপত্র প্রাপ্তী | সমিতির অফিস | ৮/৫/২৩ ইং- ৯/৫/২৩ ইং | সকাল ১০.০০ টা – দুপুর ১২.০০ টা। |
| ০২ | মনোনয়নপত্র দাখিল | ঐ | ১১/৫/২৩ ইং | ঐ |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই এবং প্রর্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ঐ | ১৩/৫/২৩ ইং | সকাল ১০.০০ টা – দুপুর ১.০০ টা। |
| ০৪ | আপীল আবেদন | জেলা সমবায় অফিস, নওগাঁ | ১৪/৫/২৩ইং- ১৫/৫/২৩ইং | অফিস চলাকালীন সময়ে। |
| ০৫ | আপীল শুনানী | জেলা সমবায় অফিস, নওগাঁ | ১৬/৫/২৩ ইং-১৮/৫/২৩ইং | অফিস চলাকালীন সময়ে। |
| ০৬ | চূড়ান্ত বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির অফিস | ১৯/৫/২৩ ইং | সকাল ১০.০০ টা – দুপুর ১.০০ টা। |
| ০৭ | প্রর্থীতা প্রত্যাহার | ঐ | ২০/৫/২৩ ইং | ঐ |
| ০৮ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ঐ | ২১/৫/২৩ ইং | ঐ |
| ০৯ | প্রতীক বরাদ্দ | ঐ | ২০/৫/২৩ ইং | ঐ |
| ১০ | ভোট গ্রহণ | ঐ | ২৭/৫/২৩ ইং | সকাল ১১.০০ টা – দুপুর ১.০০টা। |
| ১১ | ভোট গণনা | ঐ | ২৭/৫/২৩ ইং | ভোট গ্রহণ শেষে। |
| ১২ | ভোট গননার ফলাফল ঘোষনা | ঐ | ২৭/৫/২৩ ইং | ভোট গণনা শেষে। |

২. নির্বাচনের জন্য জ্ঞাতব্য বিষয়:

ক) সভাপতি পদে ১ জন ; সহ-সভাপতি পদে ১ জন; সম্পাদক পদে ১ জন এবং সদস্য পদে-৩ জনসহ মোট ৬ জন সদস্যগনের সরাসরি ভোটের মাধ্যমে নির্বাচিত হবেন;

খ) প্রত্যেক প্রার্থীকে সমবায় সমিতি আইন ২০০১ এর ১৯ ধারা, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হইতে হইবে।

গ) তপসিল বর্ণিত তারিখ, সময় ও স্থানে ব্যবস্থাপনা কমিটির সীদ্ধান্ত মোতাবেক নির্ধারিত পরিমাণ টাকা সমিতিতে জমা প্রদান করত: জমা রসিদ সংগ্রহপূর্বক মনোনয়নপত্র গ্রহণ করতে হবে; এ সময় ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যের ভোটার তালিকা সংগ্রহ করা যাবে;

ঘ) যথাযথভাবে পূরনকৃত, সত্যয়নকৃত ও প্রতিস্বাক্ষরিত মনোনয়নপত্রের সঙ্গে প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিক সনদপত্র এবং সংশ্লিষ্ট সমিতির চেয়ারম্যান কর্তৃক তার সমিতিতে প্রার্থী ঋণ খেলাপী নন মর্মে দেয় প্রত্যয়নপত্র সংযোজন করিতে হইবে ;

ঙ) অসম্পূর্ণ, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইড ব্যবহার করা, ভুল কিংবা মিথ্যা তথ্য সংবলিত এবং সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতির উপ-আইন মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হইবে;

চ) প্রর্থীর বয়স তাঁর মনোনয়নপত্র দাখিলের তারিখে কমপক্ষে ২১ (একুশ) বৎসর এবং সমিতিতে ভর্তি কমপক্ষে ১ (এক) বৎসর পূর্ণ হইতে হইবে ;